# মানহাজ (আল-আজবিবাতুল মুফীদাহ)

বিভাগ/অধ্যায়ঃ নিত্য নতুন মানহাজ সম্পর্কিত বিভিন্ন প্রশ্নের উপকারী জবাব

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওযান আল ফাওযান

প্রশ্ন-৭৭ : বর্তমানে কিছু পত্রিকায় আমেরিকান পণ্য বর্জন করার কথা লেখা হচ্ছে এবং আলিমগণও এসব পণ্য বর্জনের আহবান জানাচেছন। তারা বলছেন, “আমেরিকান পণ্য বর্জন করা প্রত্যেক মুসলিমের উপর ফরযে আইন এবং এসব পণ্যের কেনা-বেচা হারাম। যে ব্যক্তি এসব পণ্যের বেচা-কেনা করবে সে কাবীরাহ গুনাহগার হবে। সে ব্যক্তি যুদ্ধে মুসলিমদের বিরুদ্ধে ইয়াহূদী খ্রিষ্টানদের সাহায্যকারী বিবেচিত হবে। মুহতারাম শায়খ, আমি আপনার নিকট থেকে এ বিষয়ে দিকনির্দেশনা কামনা করছি? এসব পণ্য বর্জন করলে কি নেকী হবে?

উত্তর : তাদের এই আহবান বিশুদ্ধ নয়। মুসলিম দেশসমূহে আমেরিকান পণ্য তো বিক্রি হয়। কিন্তু আলিমগণ তো কখনো তা হারাম বলে ফাতওয়া দেননি। রাষ্ট্রীয়ভাবে শাসকদের পক্ষ থেকে বর্জনের আহবান না আসা পর্যন্ত কোন পণ্য বর্জন করা হবে না। কিন্তু যদি রাষ্ট্রীয়ভাবে কোন দেশকে বয়কটের ঘোষণা আসে তাহলে তাদেরকে বর্জন করা ওয়াজিব।

শুধু জনগণ নিজেদের পক্ষ থেকে কোন পণ্য নিষিদ্ধ বলে ফাতওয়া দিতে পারবে না। কেননা এটা আল্লাহর হালালকৃত বিষয়কে হারাম ঘোষণা করার অন্তর্ভুক্ত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13151

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন